# আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ৪০

## আরবি মূল আয়াত:

مَن يَّاتِيهِ عَذَابٌ يُّخزِيهِ وَ يَحِلُّ عَلَيهِ عَذَابٌ مُّقِيمٌ ﴿۴۰﴾

## অনুবাদসমূহ:

কার উপর লাঞ্ছনাদায়ক আযাব আসবে এবং কার উপর স্থায়ী আযাব আপতিত হবে? — আল-বায়ান

কার উপর আসে অপমানজনক শাস্তি, আর কার উপর পতিত হয় স্থায়ী ‘আযাব। — তাইসিরুল

কার উপর আসবে লাঞ্ছনাদায়ক শাস্তি এবং কার উপর আপতিত হবে স্থায়ী শাস্তি। — মুজিবুর রহমান

To whom will come a torment disgracing him and on whom will descend an enduring punishment." — Sahih International

৪০. কার উপর আসবে লাঞ্ছনাদায়ক শাস্তি আর আপতিত হবে তার উপর স্থায়ী শাস্তি।

-

তাফসীরে জাকারিয়া

(৪০) কার ওপর লাঞ্ছনাদায়ক শাস্তি আসবে[1] এবং স্থায়ী শাস্তি আপতিত হবে।’ [2]

[1] যার দ্বারা স্পষ্ট হয়ে যাবে যে, সত্যের ওপর কারা আছে এবং বাতিলের ওপর কারা আছে? এ থেকে পার্থিব আযাব বুঝানো হয়েছে। যেমন বদর যুদ্ধে ঘটেছিল। এতে কাফেরদের মধ্য থেকে ৭০ জন লোক মারা গিয়েছিল এবং ৭০ জন বন্দী হয়েছিল। এমনকি মক্কা বিজয়ের পর প্রভাব-প্রতিপত্তি ও কর্তৃত্ব মুসলিমরাই লাভ করেছিল। এর পর থেকে কাফেরদের জন্য লাঞ্ছনা ও অবমাননা বই কিছুই অবশিষ্ট ছিল না।

[2] এর অর্থ জাহান্নামের আযাব, যা কাফেররা চির দিনকার জন্য ভোগ করতে থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4098

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন